

তীব্র দাবদাহ, ঢাবিতে শতভাগ ক্লাস অনলাইনে

ঢাকা
বিশ্ববিদ্যালয়
প্রতিনিধি

২১ এপ্রিল, ২০২৪
১৩:৪৭

শেয়ার

অ +

অ -



সারা দেশে চলছে তীব্র তাপপ্রবাহ ও তীব্র গরম। তাই শিক্ষার্থীদের স্বাস্থ্যঝুঁকি এড়াতে সব ক্লাস অনলাইনে নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) কর্তৃপক্ষ। তবে এ সময়ে চলমান পরীক্ষাগুলো অনুষ্ঠিত হবে।

আজ রবিবার (২১ এপ্রিল) দুপুরে প্রকাশিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর এ তথ্য জানায়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, প্রবহমান তীব্র দাবদাহের (হিট ওয়েভ) কারণে স্বাস্থ্যঝুঁকি এড়াতে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনলাইন ক্লাস অনুষ্ঠিত হবে। প্রচলিত ১০ শতাংশ অনলাইন ক্লাসের বদলে এখন শতভাগ অনলাইন ক্লাস অনুষ্ঠিত হবে। তবে সব পরীক্ষা চলমান থাকবে।

বিজ্ঞপ্তিতে আরো বলা হয়, কোনো শিক্ষার্থী হলে অথবা বাসার বাইরে গেলে স্বাস্থ্যঝুঁকি এড়াতে স্বাস্থ্যবিধি মেনে সতর্কতার সঙ্গে চলাফেরার জন্য পরামর্শ দেওয়া হয়।

স্বাস্থ্যবিধির মধ্যে রয়েছে- সাদা বা হালকা রঙের টিলেঢালা সুতির পোশাক পরিধান করা, যথাসম্ভব ছায়াযুক্ত স্থানে থাকা, বাইরে যেতে হলে মাথার জন্য চওড়া কিনারায়ুক্ত টুপি-ক্যাপ বা ছাতা ব্যবহার করা, বিশুদ্ধ পানি পান করা; প্রয়োজনে লবণযুক্ত তরল যেমন- খাবার স্যালাইন ইত্যাদি পান করা এবং তাপমাত্রা বৃদ্ধিকারী পানীয় যেমন- চা ও কফি পান থেকে বিরত থাকা।